# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | সিলেট | 24 April, 2025

সুনামগঞ্জের ছাতকে ৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশন। নির্দিষ্ট অভিযোগের প্রেক্ষিতে বৃহস্পতিবার দুপুরে দুদকের সমন্বিত জেলা কার্যালয় সিলেটের সহকারী পরিচালক জুয়েল মজুমদারের নেতৃত্বে ছাতক হাসপাতালে অভিযান চালানো হয়।

অভিযানে হাসপাতালের ডাক্তারদের নিয়মিত অনুপস্থিতি, নার্স-ম্যাটস দিয়ে রোগী প্রেসক্রিপশন করা, অপরিচ্ছন্ন রান্না ঘর, ঔষধ ও ভর্তি রেজিস্ট্রার ঠিকমতো মেইনটেইন না করার অভিযোগ প্রাথমিক ভাবে প্রমাণ পাওয়া যায়। তবে ছাতক উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার দাবী হাসপাতালে রোগী দেখার মতো ডাক্তার নিয়োগ নেই, ৭ জন চিকিৎসকের মধ্যে ৫ জনের পদ খালি।তাই সেবা দিতে গিয়ে বাধ্য হয়ে প্রশিক্ষণ প্রাপ্ত বৈধ নার্স-ম্যাটস দিয়ে নির্দিষ্ট চিকিৎসা দেয়া হচ্ছে।এছাড়া রান্নাঘর ও রেজিস্ট্রার ঠিকমতো মেইনটেইন করা হচ্ছে।দুদকের বুঝতে ভুল হচ্ছে।

সিলেট দুদকের সহকারী পরিচালক জুয়েল মজুমদার জানান, নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ছাতক উপজেলা হাসপাতালে অভিযান পরিচালনা করা হয়েছে। প্রাথমিক ভাবে হাসপাতালের ডাক্তারদের নিয়মিত অনুপস্থিতি, নার্স-ম্যাটস দিয়ে রোগী প্রেসক্রিপশন করা, অপরিচ্ছন্ন রান্না ঘর, ঔষধ ও ভর্তি রেজিস্ট্রার ঠিকমতো মেইনটেইন না করার অভিযোগ প্রাথমিক ভাবে প্রতীয়মান হয়।

তবে ছাতক উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা নুসরাত আরেফিন দুদকের অভিযানের প্রেক্ষিতে দাবী করেন দুদকের বুঝতে ভুল হচ্ছে

করেন হাসপাতালে রোগী দেখার মতো ডাক্তার নিয়োগ দেয়া হয়নি। ৭ জন চিকিৎসকের মধ্যে ৫ জনের পদই খালি।তাই সেবা দিতে গিয়ে বাধ্য হয়ে প্রশিক্ষণ প্রাপ্ত বৈধ নার্স-ম্যাটস দিয়ে নির্দিষ্ট চিকিৎসা দেয়া হচ্ছে।এছাড়া রান্নাঘর ও রেজিস্ট্রার ঠিকমতো মেইনটেইন করা হচ্ছে।

দুদক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:30

URL: https://www.timestodaybd.com/sylhet/1395191240